গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
www.heu.gov.bd

নং: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৪.২২.২৩৯

তারিখ: ২০ বৈশাখ ১৪২৯
০৩ মে ২০২৩

**বিষয়: স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় শুরুর বিষয়ে অবহিতকরণ ও মতবিনিময় কর্মশালা।**

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০৩০ সালের মধ্যে দেশে সর্বজনীন স্বাস্থ্য সেবা বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১" এবং "স্বাস্থ্য খাতে অর্থায়ন কৌশলপত্র: ২০১২-২০৩২" প্রণয়ন করেছে। এই নীতি ও কৌশলপত্রের আলোকে দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারসমূহের হাসপাতাল ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে নিজ পকেট থেকে ব্যয় (Out of Pocket Expenditure) হ্রাস-পূর্বক আর্থিক প্রতিবন্ধকতা দূরীকরণ এবং তাদেরকে আর্থিক বিপর্যয় (Catastrophic health expenditure) থেকে রক্ষা করার উদ্দেশ্যে ২০১৬ সালের মার্চ মাস হতে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) পাইলটিং শুরু হয়। ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে উক্ত পাইলটিং কার্যক্রম ঘাটাইল ও মধুপুর উপজেলায় সম্প্রসারিত হয়। এসএসকে ইতোমধ্যে বর্ণিত উদ্দেশ্যসমূহ অর্জনে সফল হওয়ায়, সরকারি অনুমোদন ও নির্দেশনার আলোকে বর্তমানে এসএসকে কার্যক্রম সমগ্র টাঙ্গাইল জেলাসহ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকা এবং দেশের আরো ছয় (০৬) টি জেলা যথা: বরিশাল, বরগুনা, লক্ষ্মীপুর, মানিকগঞ্জ, লালমনিরহাট ও কুড়িগ্রাম-এ সম্প্রসারিত হচ্ছে।

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী প্রায় ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) পরিবারকে এসএসকে সেবার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বাছাইকৃত পরিবারসমূহকে একটি করে এসএসকে স্বাস্থ্য কার্ড প্রদান করা হবে। এসএসকে কার্ডধারীগণ অসুস্থ হয়ে পড়লে তাদের নামে ইস্যুকৃত কার্ড নিয়ে নির্ধারিত এসএসকে হাসপাতালে উপস্থিত হলে সম্পূর্ণ বিনামূল্যে ১১০টি রোগের সেবা প্রদান করা হবে।

৩। এই কর্মসূচির অংশ হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় বর্তমানে দুইটি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল যথা: (১) কুর্মিটোলা জেনারেল হাসপাতাল এবং (২) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালকে এসএসকে সেবা প্রদানের জন্য নির্বাচন করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে এসএসকে স্বাস্থ্য সেবা বিষয়ে নির্বাচিত হাসপাতালের পরিচালক এবং চিকিৎসক-কর্মকর্তাবৃন্দকে অবহিতকরণ ও তাঁদের সাথে মতবিনিময়ের নিমিত্ত বিগত ০৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি. কুর্মিটোলা জেনারেল হাসপাতাল এবং এবং ২০ নভেম্বর ২০২২ খ্রি. শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে কর্মশালা অনুষ্ঠিত হয়।

৪। সিটি কর্পোরেশন এলাকায় স্বাস্থ্য সেবা প্রদানের দায়িত্ব স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের হওয়ায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্মানীত ওয়ার্ড কাউন্সিলরগণকে দরিদ্র জনগণের জন্য পরিকল্পিত এ স্বাস্থ্য সেবায় অধিকতর সম্পৃক্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নগর ভবনের সম্মেলন কক্ষে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) অবহিতকরণ ও মতবিনিময় কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মশালায় মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন প্রধান অতিথি হিসেবে উপস্থিত হওয়ার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠিতব্য কর্মশালায় প্রধান নির্বাহী

কর্মকর্তা (অতিরিক্ত সচিব), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং কর্মশালার সভাপতিত্ব করবেন ড. মোঃ এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

৫। আমন্ত্রিত সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে কর্মশালায় উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ড. সৈয়দা নওশীন পর্ণিনী
পরিচালক (গবেষণা)
ফোন- +৮৮ ০২ ৯৫৮২৩৫৪
ইমেইল- dirr@heu.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০০৪.২২.২৩৯(১-৩৫)

তারিখ: ২০ বৈশাখ ১৪২৯
০৩ মে ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):**

**কর্মকর্তাগণ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (কাউন্সিলরগণের উপস্থিতি নিশ্চিতের অনুরোধসহ)
২। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড (সংরক্ষিত আসনসহ) [সকল], ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০, ঢাকা উওর সিটি কর্পোরেশন।
৬। সহকারি স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল- ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**কর্মকর্তাগণ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

৭। যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
৮। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ
৯। যুগ্মসচিব (জনস্বাস্থ্য অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
১০। যুগ্মসচিব (পার অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
১১। যুগ্মসচিব (বাজেট-১,২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।

**কর্মকর্তাগণ, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

১২। মোঃ জসিম উদ্দিন, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ।

**কর্মকর্তাগণ, স্বাস্থ্য অধিদপ্তর**

১৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর।
১৪। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর।
১৫। পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর।

**কর্মকর্তাগণ, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-এর কার্যালয়, ঢাকা বিভাগ**

১৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ

**কর্মকর্তাগণ, সিভিল সার্জন-এর কার্যালয়, ঢাকা জেলা**

১৭। সিভিল সার্জন, ঢাকা জেলা

**কর্মকর্তাগণ, এউপিএইচসিএসডিপি-২**

১৮। প্রকল্প পরিচালক, ইউপিএইচসিএসডিপি-২।

**কর্মকর্তাগণ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট**

১৯। পরিচালক- গবেষণা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২০। উপপরিচালক- ১, ২, ৩, ৪, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২১। ফোকাল পার্সন (এসএসকে), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২২। ড. মোঃ আবুল বাশার সরকার, সহকারী পরিচালক (গ্রেড-৫), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৩। ফোকাল পার্সন (বিএনেইচএ ও পিইআর), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৪। ডা. মোঃ সামিউল হুদা, সহকারী সার্জন, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৬। জনাব মোঃ শাহাদাত হোসেন, গবেষণা কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৭। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

**পরামর্শকবৃন্দ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট**

২৮। ডাঃ মোঃ এমদাদুল হক, জাতীয় পরামর্শক (ব্যাবস্থাপনা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
২৯। জনাব মোঃ আজমল কবির, জাতীয় পরামর্শক (ব্যাবস্থাপনা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৩০। ডাঃ মোঃ তৌহিদুল মুর্শিদ, জুনিয়র জাতীয় পরামর্শক (ব্যাবস্থাপনা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।

**অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

৩১। মাননীয় মেয়র-এর একান্ত সচিব, ঢাকা উওর সিটি কর্পোরেশন।
৩২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৩৫। সংশ্লিষ্ট নথি।

০৬/০৫/২০২৩

শাহাদাত হোসেন
গবেষণা কর্মকর্তা